

# উপজেলা পরিষদ

চারঘাট, রাজশাহী।



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০২.৮১২৫.০০০.০৬.০০১.১৭.২৫১

তারিখ : ১৬/০৩/২০২২ খ্রিঃ।

## নোটিশ।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির এক সভা আগামী ২০-০৩-২০২২খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সকল সম্মানিত সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ নুরুল ইসলাম)

সদস্য সচিব

অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটি

ও

উপজেলা প্রকৌশলী

চারঘাট, রাজশাহী।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।
- ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চারঘাট, রাজশাহী।
- ০৬। চেয়ারম্যান, শলুয়া/নিমপাড়া/চারঘাট ইউপি, চারঘাট, রাজশাহী।

## অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।






সভাপতি : মোঃ গোলাম কিবরিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।

স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ চারঘাট এর কার্যালয়।

সভার তারিখ : ২০/০৩/২২ইং, সময় : বেলা ১০.০০ ঘটিকা।

আলোচনাঃ- উপজেলা পরিচালন ও উন্নয়ন এর আওতায় “উপজেলা পর্যায়ে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারীদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষনের আয়োজন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

### সভায় উপস্থিতির বিবরণঃ-

ক্রমিকনং	উপস্থিত সভ্যগণের নাম ও পদবি	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
০১	মোসাঃ তাজমিরা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী	সদস্য	
০২	চেয়ারম্যান, শলুয়া ইউনিয়ন পরিষদ চারঘাট, রাজশাহী।	সদস্য	
০৩	চেয়ারম্যান, নিমপাড়া ইউনিয়ন পরিষদ চারঘাট, রাজশাহী।	সদস্য	
০৪	চেয়ারম্যান, চারঘাট ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	
০৫	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার চারঘাট, রাজশাহী।	সদস্য	
০৬	উপজেলা প্রকৌশলী সদস্য সচিব, এলজিইডি, চারঘাট, রাজশাহী	সদস্য সচিব	

অধ্যকার সভা মোঃ গোলাম কিবরিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে অধ্যকার সভার কাজ আরম্ভ করা হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। অতঃপর আলোচ্য সূচার আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চারঘাট এর দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচনা-১ সভার অনুমতি ক্রমে সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী এলজিইডি, চারঘাট সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন এর আওতায় “উপজেলা পর্যায়ে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারীদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষনের লক্ষ্যে ৩০ জন কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের জন্য ভ্যাট ছাড়া ১,১২,১৫০/- টাকার বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ দ্বারা প্রশিক্ষনের আয়োজনের প্রস্তাব সভায় পেশ করেন।

সিদ্ধান্তঃ- সভায় আলোচনান্তে “উপজেলা পর্যায়ে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারীদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ কর্মরত ৩০ জন কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের আয়োজন সহ যাবতীয় কার্যক্রম গ্রহন করার জন্য সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চারঘাট, রাজশাহীকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গোলাম কিবরিয়া)

সভাপতি

অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন সংক্রান্ত কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী।